

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
মুকসুদপুর, গোপালগঞ্জ।
fisheries.muksudpur.gopalganj.gov.bd

পত্র নং- ৩৩.০২.৩৫৫৮.৫০১.৫৪.০০১.২২-২২

তারিখঃ ৫ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
১৯ মার্চ ২০২৪ খ্রি.

বৈধ জাল সরবরাহ কার্যক্রম বাস্তবায়নের জন্য জাল তৈরি ও সরবরাহ কাজের নিমিত্ত কোটেশন আহবানের অনুরোধ জ্ঞাপন পত্র

প্রতি,
মেসার্স -----

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, মুকসুদপুর, গোপালগঞ্জ এর আওতাধীন দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প, মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ এর অর্থায়নে বৈধ জাল সরবরাহ কার্যক্রম বাস্তবায়নের জন্য জাল তৈরি ও সরবরাহ কাজের নিমিত্ত এতদসংক্ষেপে সংযুক্ত স্পেসিফিকেশন অনুযায়ী প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারীর নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সিলমোহরকৃত খামে কোটেশন আহ্বান করা যাচ্ছে।

১. উল্লেখিত কোটেশন ডকুমেন্ট নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আগামী ২৭/০৩/২০২৪ খ্রি. তারিখ ১২.০০ ঘটিকা পর্যন্ত বা তার পূর্বে অফিস চলাকালীন সময়ে দেখা ও সংগ্রহ করা যাবে।
২. সরবরাহকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান নিজে বা তার অনুমোদিত প্রতিনিধি কর্তৃক প্রস্তুতকৃত কোটেশন খামের মধ্যে সিলগালা করা অবস্থায় আগামী ২৭/০৩/২০২৪ খ্রি. তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত বা তার পূর্বে অফিস চলাকালীন সময়ে 'সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, মুকসুদপুর গোপালগঞ্জ-এ জমা দিতে হবে। উল্লেখিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত কোন কোটেশন গ্রহণ করা হবে না।
৩. প্রাপ্ত কোটেশনসমূহ ২৭/০৩/২০২৪ খ্রি. তারিখ দুপুর ১২.৩০ ঘটিকার সময় খোলা হবে।
৪. কাজের তফশীলে বর্ণিত আইটেমের একক ও মোট দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। উদ্ধৃত দরহারে মালামালের মূল্য, শ্রমিক, সকল প্রকার ট্যাক্স, ভ্যাট, পরিবহন ব্যয়, মুনাফা অন্তর্ভুক্ত থাকবে। এর জন্য পৃথকভাবে কোন অর্থ পরিশোধ করা হবে না।
৫. কোটেশন দাতাকে চুক্তিসম্পাদনের যোগ্যতা অর্জনের জন্য হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিন নম্বর, ব্যাংক সলভেন্সি/ব্যাংক স্টেটমেন্ট ও জাতীয় পরিচয়পত্রের কপি কোটেশনের সাথে সংযুক্ত করতে হবে।
৬. কোটেশন দাতাকে কোন দরপত্র জামানত (Tender Security) ও নিরাপত্তা জামানত (Performance Security) প্রদান করতে হবে না এবং কোটেশন পত্রের জন্য কোন মূল্য পরিশোধ করতে হবে না।
৭. কার্যাদেশে উল্লিখিত সময়ের মধ্যে কোটেশনে বর্ণিত স্পেসিফিকেশন অনুযায়ী সকল মালামাল সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ে বুঝিয়ে দিতে হবে।
৮. বাজেট প্রাপ্তি সাপেক্ষে সম্পাদিত প্রকৃত কাজের পরিমাণ অনুযায়ী বিল পরিশোধ করা হবে। বিল পরিশোধের নিমিত্তে দুই প্রস্থ বিল দাখিল করতে হবে। বিলের সাথে সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক কাজ সমাপ্তির প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।
৯. নিম্নবর্ণিত কারণে কর্তৃপক্ষ লিখিত আদেশের মাধ্যমে যে কোন সময়ে কার্যাদেশ সম্পূর্ণ বা আংশিক বাতিল করতে পারবেন।
 - i) যদি কোটেশনদাতা কার্যাদেশে বর্ণিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ কাজ স্পেসিফিকেশন অনুযায়ী সম্পন্ন করতে না পারেন।
 - ii) Standard Request for Quotation (SRFQ) এবং কার্যাদেশে বর্ণিত যে কোন/অন্যান্য শর্তাবলী পূরণে ব্যর্থ হলে।
 - iii) যে কোন কারণে কর্তৃপক্ষ ক্রটি উল্লেখপূর্বক প্রতিষ্ঠানকে পত্র প্রদান করে এবং পত্র গ্রহণের ৭(সাত) কার্যদিবসের মধ্যে নিজ ব্যয়ে উক্ত ক্রটি সংশোধন/মালামাল সরবরাহ না করেন।
 - iv) কর্তৃপক্ষের বিবেচনায় যদি কোটেশনদাতা কোন কারচুপি করে বা কারচুপির আশ্রয় গ্রহণ করেন।
১০. কর্তৃপক্ষ বাজার দরের সাথে অসংগতিপূর্ণ কোটেশন গ্রহণ করতে বাধ্য থাকবেন না এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ বা বাতিল অথবা সকল আইটেমের কোটেশন বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
১১. এ কোটেশন Public Procurement Act-২০০৬ ও এতদসংক্রান্ত বিধিমালা-২০০৮ অনুসরণে বাস্তবায়িত হবে এবং এ আইনের অধীন সকল শর্তাবলী, বিধি-বিধান কোটেশনদাতা মানতে বাধ্য থাকবে।

২২/০৩/২০২৪

(মোঃ খায়রুল ইসলাম)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

মুকসুদপুর, গোপালগঞ্জ।

তারিখঃ ১৯/০৩/২০২৪ খ্রি.

পত্র নং-৩৩.০২.৩৫৫৮.৫০১.৫৪.০০১.২২-২২/১(১০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো

- ১। প্রকল্প পরিচালক, দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প, মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ।
- ২। জেলা মৎস্য কর্মকর্তা, গোপালগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুকসুদপুর, গোপালগঞ্জ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ।
- ৫। উপজেলা অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ।
- ৬। সংশ্লিষ্ট নথি।

২২/০৩/২০২৪

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

মুকসুদপুর, গোপালগঞ্জ।